# দৈনন্দিন জীবনে ইসলাম [যাকাত অধ্যায়]

বিভাগ/অধ্যায়ঃ যাকাত পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ শরীফুল ইসলাম বিন যয়নুল আবেদীন

(১০) যাকাত আদায়কারী আখেরাতে সফলকাম হবে এবং সবরকম চিন্তামুক্ত থাকবে

(১০) যাকাত আদায়কারী আখেরাতে সফলকাম হবে এবং সবরকম চিন্তামুক্ত থাকবে : আল্লাহ তা‘আলা বলেন,

الَّذِيْنَ يُقِيْمُوْنَ الصَّلَاةَ وَيُؤْتُوْنَ الزَّكَاةَ وَهُمْ بِالْآخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ- أُولَئِكَ عَلَى هُدًى مِنْ رَبِّهِمْ وَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ-

‘যারা ছালাত ক্বায়েম করে এবং যাকাত দেয়, তারাই আখেরাতে নিশ্চিত বিশ্বাসী; তারাই তাদের প্রতিপালকের নির্দেশিত পথে আছে এবং তারাই সফলকাম’ (লুকমান ৩১/৪-৫)।

তিনি অন্যত্র বলেন,

إِنَّ الَّذِيْنَ آمَنُوْا وَعَمِلُوْا الصَّالِحَاتِ وَأَقَامُوْا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ لَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ وَلاَ خَوْفٌ عَلَيْهِمْ وَلاَ هُمْ يَحْزَنُوْنَ-

‘যারা ঈমান আনে, সৎকর্ম করে, ছালাত ক্বায়েম করে এবং যাকাত দেয়, তাদের পুরষ্কার তাদের প্রতিপালকের নিকট আছে। তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিতও হবে না’ (বাকারাহ ২/২৭৭)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3268

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন